৫৭

দৈনিক সংবাদ

তারিখ ... FEB. 6 1999 ...
পৃষ্ঠা ১/২ কলাম ৭ ...

# কুদরত-এ খুদা শিক্ষা কমিশন রিপোর্ট বাস্তবায়নের দাবি

( নিজস্ব বার্তা পরিবেশক )

অবিলম্বে কুদরত-এ খুদা শিক্ষা কমিশনের রিপোর্ট বাস্তবায়নের দাবি জানানো হয়েছে। গতকাল টিএসসি মিলনায়তনে বাংলাদেশ কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি (বাকবিশিস) ও বাংলাদেশ ফাউন্ডেশন ফর ডেভেলপমেন্ট রিসার্চের যৌথ উদ্যোগে আয়োজিত এক সেমিনারে বক্তারা এ দাবি জানান।

সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেক। বাংলাদেশ কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ডঃ ম. আখতারুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে মূল প্রবন্ধ পাঠ করেন ডঃ মমতাজ উদ্দিন পাটোয়ারি। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এ কে আজাদ চৌধুরী, জাতীয় শিক্ষানীতি বাস্তবায়ন, মূল্যায়ন ও ব্যয় নির্ধারণ কমিটির উপদেষ্টা নুরুল ইসলাম নাহিদ এমপি, জাতীয় শিক্ষানীতি বাস্তবায়ন, মূল্যায়ন ও ব্যয় নির্ধারণ কমিটির চেয়ারম্যান অধ্যাপক ডঃ নজরুল ইসলাম ও বাংলাদেশ ফাউন্ডেশন ফর ডেভেলপমেন্ট রিসার্চের মহাপরিচালক মোনায়েম সরকার।

SHEET — OF — SHEETS